'আত্মকর্মী যুবশক্তি,টেকসই উন্নয়নের মূলভিত্তি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd

০৭ আষাঢ়, ১৪২৪

স্মারক নং-৩৪.০১.০০০০-০২৬.৩৫.০৯৪.২০১৫- ৯৮৮ তারিখ ঃ ----------------

২১ জুন, ২০১৭

বিষয়ঃ **যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৭ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী নিবন্ধন/স্বীকৃতি পত্র প্রদান ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের যুব কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রধান কার্যালয়ের ০৭ জুন ২০১৭ তারিখের ৩৪.০১.০০০০-০২৬.৩৫.০৯৪.২০১৫-৯৮৩ সংখ্যক স্মারকে জাতীয় যুব নীতি, ২০১৭ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ এর গেজেটের কপি প্রেরণ করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটেও সংশ্লিষ্ট নীতি/বিধি প্রকাশ করা হয়েছে। কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে স্বেচ্ছাসেবী যুব সংগঠনের নিবন্ধন/ স্বীকৃতি প্রদান সংক্রান্ত কতিপয় নির্দেশনা এসঙ্গে সংযুক্ত করা হলে(কপি সংযুক্ত)।

০২। যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৭ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী যুব সংগঠন নিবন্ধনকরণের ক্ষেত্রে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এর পক্ষে স্ব-স্ব জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক সংশ্লিষ্ট জেলার নিবন্ধনকারী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন। এক্ষেত্রে যুব সংগঠন নিবন্ধন/স্বীকৃতি কার্যক্রম ১ জুলাই, ২০১৭ তারিখ হতে নিশ্চিতকরণসহ এসংক্রান্ত প্রতিবেদন মাসিকভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ০২(দুই) পাতা

২১/০৬/২০১৭

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোনঃ ০২-৯৫৫৯৩৮৯।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

............................জেলা (সকল)

অনুলিপি বিতরণ ঃ

০১। পরিচালক ...............................................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৩ কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা (ওয়েব সাইট-এ প্রকাশের অনুরোধসহ)।

০৪। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,..........................

০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ......................উপজেলা.......................জেলা

০৬। অফিস কপি।

sogoton list-2017-39

## যুব উন্নয়ন অধিদপ্তরাধীন স্বেচ্ছাসেবী যুব সংগঠনের নিবন্ধন/স্বীকৃতি প্রদান সংক্রান্ত নির্দেশনা পত্র ঃ

১. যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনের নিবন্ধনের জন্য আবেদনকৃত যুব সংগঠনের সদস্যদের অবশ্যই "**যুব**" হতে হবে এবং তাদের সংগঠনের নামের সাথে **যুব** শব্দ সংযুক্ত থাকতে হবে।

২. যুব কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন কেবল নিবন্ধনের জন্য আবেদন করতে পারবে।

৩. ইতোপুর্বে তালিকাভুক্ত যুব সংগঠনের স্বীকৃতিপত্রের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে, যা যাচাই- বাছাই করতঃ যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা ২০১৭ অনুযায়ী স্বীকৃতিপত্র প্রদান করা হবে।

৪. আবেদনকারী যুব সংগঠন নিবন্ধন / স্বীকৃতির জন্য নির্ধারিত ফরমে যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) আইন ২০১৫ ও যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা ২০১৭ এর শর্তাবলি পালন সাপেক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক বরাবর আবেদন করতে হবে।

৫. আবেদনপত্রের সাথে অর্থনৈতিক কোডঃ ১-৩৬৪০-০০০০-১৮৩৬ এর অনুকূলে প্রদত্ত অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকার ট্রেজারি চালানের কপি, তফসিল অনুসারে প্রণীত যুব সংগঠনের গঠনতন্ত্রের অনুলিপি, যার প্রতিপাতায় সংগঠনের সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম, স্বাক্ষর এবং সিলমোহর থাকবে; নির্বাহী পরিষদের সদস্যগণের তালিকা, পূর্ববর্তী বছরের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীর অনুলিপি, পূর্ববর্তী বছরের হিসাবের বার্ষিক বিবরণীর অনুলিপি (স্বীকৃতিপত্রের ক্ষেত্রে), হালনাগাদ ব্যাংক হিসাব বিবরণী, এবং যুব সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পদকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৬. আবেদনকারী যুবসংগঠনের কার্যনির্বাহী এবং সাধারণ পরিষদের সদস্যদের নাম, পেশা, মোবাইল নং (যদি থাকে) বর্তমান/স্থায়ী ঠিকানা স্বাক্ষরসহ নামের তালিকার ০৩ (তিন) কপি দাখিল করতে হবে।

৭. যুব সংগঠনের নিজস্ব জায়গা থাকলে এর দলিল পত্রাদির সত্যায়িত কপি, যুব সংগঠনের প্রধান কার্যালয় নিজস্ব সম্পত্তির উপর অবস্থিত হলে এর মূল দলিলের সত্যায়িত ফটোকপি এবং হালনাগাদ জমি উন্নয়ন কর পরিশোধ রশিদের সত্যায়িত কপি এবং ভাড়া বাড়ীতে হলে সেক্ষেত্রে চুক্তিপত্রের ০২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮. যুব সংগঠনের নিজস্ব প্যাডে যুব সংগঠনের বর্তমান ও ভবিষ্যত কার্যক্রম পৃথক পৃথকভাবে উল্লেখপূর্বক ০৩ (তিন) কপি দাখিল করতে হবে।

৯. আবেদনপত্রের সাথে যুব সংগঠনের গঠনতন্ত্রের সত্যায়িত ০৩(তিন) কপি দাখিল করতে হবে।

গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত বিবরণসমূহ ঃ [বিধি-৩(৩) (খ) দ্রষ্টব্য]

ক) সংগঠনের নামঃ (বাংলা) ঃ.......................................................................................
(ইংরেজি) ঃ .......................................................................................

খ) ঠিকানা ঃ (১) বাড়ি/গ্রাম/মহল্লাঃ .......................... সড়ক/ব্লক/সেক্টরঃ ......................... ডাকঘর ঃ.................
থানা/উপজেলা ঃ.........................................জেলাঃ.................................................
(২) সংগঠনের ফোন.......................ই-মেইল ঃ .................................ওয়েবসাইট .........................

গ) কর্ম এলাকা ঃ (যুব সংগঠনের কর্ম এলাকা স্থানীয় এলাকাভিত্তিক কিংবা তা নগর বা জাতীয়ভিত্তিক কি না তা উল্লেখ করতে হবে)

ঘ) যুব সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ ঃ

ঙ) সদস্যপদ ঃ

(১) সদস্য হবার যোগ্যতা;
(২) সদস্যের শ্রেণিবিভাগ এবং এর শর্তাদি ও প্রদেয় ফিস (যদি থাকে),
(৩) সদস্য গ্রহণ পদ্ধতি,
(৪) বিভিন্ন শ্রেণির সদস্যদের অধিকার ও সুবিধাদি,
(৫) সদস্যপদ স্থগিতকরণ বা বাতিল পদ্ধতি,যেমন-
(ক) চাঁদা না দেয়া,
(খ) সংগঠনে উপস্থিত না হওয়া,
(গ) সংগঠনের স্বার্থ পরিপন্থি আচরণ করা, বা
(ঘ) যুক্তিসঙ্গত অন্য কোনো কারণ,

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

২১/১/১৯

পূর্ব পৃষ্ঠা হতে আগত

চ) স্থগিত বা বাতিলকৃত সদস্য পদের পুনর্বহাল বা পুনগর্ঠন পদ্ধতি।

ছ) সাধারণ পরিষদ (অন্যূন ২০ সদস্যবিশিষ্ট )।

জ) নির্বাহী পরিষদ (নির্বাচন বা মনোনয়নের মাধ্যমে গঠিত, ৭ হতে ১১ সদস্যবিশিষ্ট)।

ঝ) উপদেষ্টা পরিষদ, যা নির্বাহী পরিষদ কর্তৃক মনোনীত স্থানীয় গণ্যমান্য সমাজহিতৈষী ব্যক্তি, সংশ্লিষ্ট যুব সংগঠনের প্রতিষ্ঠাকালীন বা পূর্বতন সদস্য, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা বা স্থানীয় বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা সমন্বয়ে গঠন করা যাবে।

ঞ) সভা ঃ

(১) বিভিন্ন প্রকারের সভা আহবান পদ্ধতি;

(২) সভার নোটিশ; এবং

(৩) সভার কোরাম।

ট) আর্থিক ব্যবস্থাপনা ঃ

(১) যুব সংগঠনের নামে তফসিলি ব্যাংকে একাউন্ট;

(২) অন্যূন ০২(দুই) জন সদস্যের (সভাপতি বা সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ)যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা এবং

(৩) যুব সংগঠনের হিসাব নিরীক্ষা পদ্ধতি।

ঠ) গঠনতন্ত্রের সংশোধন ঃ

যুব সংগঠনের গঠনতন্ত্রে কোন সংশোধনী আনয়নের উদ্দেশ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করবার জন্য গৃহীতব্য পদ্ধতি।

১০. যাবতীয় সংযোজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হতে হবে।

১১. আবেদনকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনের নিবন্ধনের কার্য সম্পাদনের পর যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয় নির্ধারিত ছকে যুব সংগঠনকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত করা হয়েছে ,এ মর্মে একটি নিবন্ধন সনদ প্রদান করবে।

২৩/১/১৭
(মোঃ আতিকুজ্জামান খান)
সহকারী পরিচালক (বাস্তবায়ন)

২৩/০১/১৭
( ফরহাত নূর)
উপ-পরিচালক (বাস্তবায়ন)